# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ সুন্নাত ছালাত সমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৪) মাগরিব ছালাতের পর চার রাক‘আত সুন্নাত পড়া

মাগরিবের পর কেবল দুই রাক‘আত সুন্নাত ছালাত আদায় করতে হবে। এরপর দাঁড়িয়ে বা বসে আরো দুই রাক‘আত ছালাত আদায়ের ছহীহ কোন দলীল নেই।

عَنْ مَكْحُوْلٍ عَنْ رَسُوْلِ اللهِ قَالَ مَنْ صَلَّى بَعْدَ الْمَغْرِبِ قَبْلَ أَنْ يَتَكَلَّمَ رَكْعَتَيْنِ وَفِىْ رِوَايَةٍ أَرْبَعَ رَكَعَاتٍ رُفِعَتْ صَلَاتُهُ فِىْ عِلِّيِّيْنَ.

মাকহূল (রাঃ) থেকে বর্ণিত, রাসূল (ছাঃ) বলেন, যে ব্যক্তি মাগরিব ছালাতের পর কোন কথা বলার পূর্বেই দুই রাক‘আত অন্য বর্ণনায় এসেছে, চার রাক‘আত পড়বে তার ছালাতকে ‘ইল্লীইনে’ উঠানো হবে।[1]

তাহক্বীক্ব : যঈফ। এর সনদে আবু ছালেহ নামে একজন যঈফ রাবী আছে।[2]

## ফুটনোট

[1]. রাযীন, ইবনু নছর, ক্বিয়ামুল লাইল, পৃঃ ৩১; মিশকাত হা/১১৮৪, পৃঃ ১০৫; বঙ্গানুবাদ মিশকাত হা/১১১৬, ৩/৯৮ পৃঃ।

[2]. তাহক্বীক্ব মিশকাত হা/১১৮৪-এর টীকা দ্রঃ, ১/৩৭১ পৃঃ; যঈফ আত-তারগীব হা/৩৩৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1959

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন